



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোকল বাইসাইকেল ও পথচারীদের জন্য MTA সেতু ও যাত্রী স্টেশনসমূহ ব্যবহারের সুযোগ বৃদ্ধি করে বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা S.4943B/A.6235 MTA-র জন্য সাইকেল আরোহী ও পথচারীদের জন্য সেতু ও যাত্রী স্টেশনসমূহ ব্যবহারের সুযোগ বৃদ্ধি করতে একটি পরিকল্পনা তৈরি করা আবশ্যিক করে

গভর্নর হোকল আজকে বিধিমালা S.4943B/A.6235 স্বাক্ষর করেন যা মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) জন্য সাইকেল আরোহী ও পথচারীদের জন্য সেতু ও যাত্রী স্টেশনসমূহ ব্যবহারের সুযোগ বৃদ্ধি করতে একটি কৌশলগত পরিকল্পনা তৈরি করা আবশ্যিক করে এবং MTA-র জন্য তাদের ক্যাপিটাল পরিকল্পনায় সাইকেল আরোহী ও পথচারীদের জন্য সুযোগ বৃদ্ধি বিবেচনা করা আবশ্যিক করে।

"নিউ ইয়র্কের পাবলিক ট্রানজিট সাইকেল আরোহী ও পথচারীদের জন্য স্বাগত, নিরাপদ ও ব্যবহারের জন্য উন্মুক্ত থাকা উচিত," **গভর্নর হোকল বলেন।** "আমি এই বিধিমালায় স্বাক্ষর করতে পেরে গর্বিত যেটি সকল যাতায়াতের মাধ্যম ব্যবহারকারীর জন্য পাবলিক ট্রানজিট ব্যবহারের সুযোগ বৃদ্ধি করবে। নতুন আইনটি MTA-কে আরো হাঁটার উপযোগী এবং বাইসাইকেল-বান্ধব করবে, যা আমাদের ট্রানজিট ব্যবস্থা উন্নয়নে একটি প্রধান পদক্ষেপ।"

বিধিমালা S.4943B/A.6235 MTA-র জন্য MTA সেতুগুলিতে সাইকেল আরোহী ও পথচারীদের যাতায়াতের সুযোগ, MTA সাবওয়েতে এবং কমিউটার রেল স্টেশনে বাইক পার্ক করা, এবং MTA সরঞ্জামে বাইক রাখার সুযোগ থাকা উৎসাহিত করতে এই পরিকল্পনা করা আবশ্যিক করে। বিধিমালা অনুযায়ী, লং আইল্যান্ড রেলরোড কমিউটারদের পরিষদ (Long Island Rail Road Commuter's Council), মেট্রো-উত্তর রেল কমিউটারদের পরিষদ (Metro-North Rail Commuter's Council), এবং নিউ ইয়র্ক সিটি ট্রানজিট কর্তৃপক্ষ পরিষদ (New York City Transit Authority Council) বাইসাইকেল ও পথচারীদের যাতায়াতের সুযোগ নিয়ে গবেষণা করবে এবং MTA-কে এ সংক্রান্ত সুপারিশ প্রদান করবে।

সিনেটর অ্যালেসান্দ্রা বিয়াগি বলেন, "আজকে নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্ক সিটিতে যাতায়াতকারীদের জন্য পরিচ্ছন্নতর ও সহজে পাওয়া যায় এমন পরিবহনের মাধ্যম গঠনের ক্ষেত্রে একটি ঐতিহাসিক পদক্ষেপ নিচ্ছে। MTA বাইক অ্যাক্সেস বিলটি (Bike Access Bill) অবশেষে পাঁচটি বরোর প্রত্যেকটিকে MTA সেতুসমূহের MTA বাইক লেন দ্বারা সংযুক্ত করবে

এবং ব্রঙ্কসসহ শহরের প্রতিটি কোণে সাইকেল চালানোকে উৎসাহিত করবে। আমি গভর্নর হোকলকে এই বিধিমালা স্বাক্ষর করার জন্য এবং নিউ ইয়র্ক স্টেটে বাইক চালানোর সুবিধা সম্প্রসারণ করাকে অগ্রাধিকার প্রদানের জন্য ধন্যবাদ জানাতে চাই। অ্যাসেম্বলি সদস্য জেসিকা গঞ্জালেস-রোহাসের নিবেদন ও অংশীদারিত্ব, এবং বাইক নিউ ইয়র্ক (Bike New York) ও স্ট্রিটস পলিটিক্যাল অ্যাকশন কমিটির (Political Action Committee, PAC) মতো সাইকেল চালানোর পক্ষের মানুষদের অবিচল সমর্থন ছাড়া এই বিজয় সম্ভব হতো না।"

অ্যাসেম্বলি সদস্য জেসিকা গঞ্জালেস-রোহাসের বলেন, "মহামারীর চূড়ান্ত দশায়, আমরা দেখেছি যে সাইকেল চালানো 33 শতাংশ বৃদ্ধি পেয়েছে অর্থাৎ প্রায় এক মিলিয়ন নিউ ইয়র্কবাসী সাইকেল চালাচ্ছে। MTA সেতুগুলিতে পথচারী ও সাইকেল আরোহীদের যাতায়াতের সুযোগ করা জনস্বাস্থ্য ও পরিবেশের জন্য উত্তম। যদি নিউ ইয়র্ক পর্যাপ্তভাবে পুনরুদ্ধার পেতে চায়, তাহলে আমাদেরকে অবশ্যই MTA-র ক্যাপিটাল পরিকল্পনা বিকাশের সময় সাইকেল আরোহীদের মতামত গ্রহণ করতে হবে। আমি সিনেটর বিয়াকিকে আমার সাথে এই বিলে কাজ করার জন্য এবং গভর্নর হোকলকে এটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাতে চাই। আরো গুরুত্বপূর্ণভাবে, আমি বাইক নিউ ইয়র্ক, স্ট্রিটস PAC, ট্রান্সপোর্টেশন অল্টারনেটিভস (Transportation Alternatives), এবং নিউ ইয়র্কের বাইক চালানো বৃদ্ধি যে আমাদের আরো ভালোভাবে পুনর্গঠনের অংশ তা সনাক্ত করতে পারা ব্যক্তিদের ধন্যবাদ জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)